INCLUSIVE BANGLADESH
...INCLUDING HUMAN RIGHTS

# সমকামী ও ট্রান্সজেন্ডার সন্তানদের অভিভাবকদের জন্য
## সচরাচর জিজ্ঞাসিত প্রশ্নোত্তর

**আপনার সন্তান একজন সমকামী বা বিষমকামী বা হিজড়া, এটা জানার পর আপনি কি করেন?**

আপনার সন্তানের সমকামী হওয়ার বিষয়টি জানতে পারার পর স্বভাবতই আপনার মনে অনেক ধরণের প্রশ্ন জাগবে এবং আপনি, এই বিষয়ে, বিভিন্ন রকম আবেগের সম্মুখীন হবেন । এটি সত্য যে, একজন অবিভাবক হিসেবে আপনার সন্তানের বিষয়ে এই নতুন তথ্যগুলো মেনে নিতে এবং এবিষয়ে অপ্রত্যাশিত আবেগ সংবরণ করতে আপনার কিছুটা সময় লাগবে কিন্তু আপনি এটিও জেনে রাখবেন যে, একজন অভিভাবক হিসেবে, এই পরিস্থিতির সম্মুখীন শুধুমাত্র আপনি একাই নন । বিশ্বস্বীকৃত পরিসংখ্যান অনুযায়ী দেখা যায়, প্রতি চারটি (মাঝে মাঝে তিনটি) পরিবারের মধ্যে একটি পরিবারের কোনো না কোনো সদস্য হয় সমকামী না হয় উভকামী অথবা হিজড়া হয়ে থাকে । সবসময় মনে রাখবেন যে, আপনি আপনার সন্তানকে ভালবাসেন এবং সেই ভালোবাসা অটুট রাখার জন্য, তার পরিধি বাড়ানোর জন্য এবং সেই সম্পর্ক আরো দৃঢ় করার জন্য অবশ্যই আপনাকে নিজের সন্তানের মানসিকতা বোঝার চেষ্টা করতে হবে । সেইসাথে, আপনার সন্তানের সমকামী বা উভকামী বা হিজড়া হওয়ার বিষয়টিকেও আপনাকে আপনার গ্রহণযোগ্যতার দিকে নিয়ে যেতে হবে।

**আমি কি কোন ভুল করেছি?**

আপনি অবশ্যই কোনও ভুল করেননি। অভিভাবকরা তাদের সন্তানদের সমকামী, উভকামী বা হিজড়া হওয়ার জন্য দায়ী বলে যে ধারণাটি প্রচলিত রয়েছে সেটি একটি কল্পকাহিনী। আমি কি কোন ভুল করেছি?

আপনি অবশ্যই কোনও ভুল করেননি। অভিভাবকরা তাদের সন্তানদের সমকামী, উভকামী বা হিজড়া হওয়ার জন্য দায়ী বলে যে ধারণাটি প্রচলিত রয়েছে সেটি একটি কল্পকাহিনী। মানুষের যৌন পরিচয় তার চোখ ও চুলের রঙের মতোই প্রাকৃতিক ও স্বভাবসিদ্ধ । আপনার সন্তানকে সমকামী বা উভকামী বা হিজড়া হওয়ার জন্য আপনি না অন্য কেউই প্রভাবিত করেনি । আরো গুরুত্বপূর্ণ হলো, আপনার সন্তানের সমকামী বা উভকামী বা হিজড়া হওয়ার মাঝে কোনো ভুল বা খারাপ কিছু নেই । স্বাভাবিকভাবেই আমরা কিছু কিছু মানুষ সমকামী বা উভকামী বা হিজড়া , এই যৌন পরিচয় নিয়েই বেড়ে উঠি ।

**আমি কিভাবে নিশ্চিত হবো যে আমার সন্তান, সমকামী বিষয়ে, নিতান্ত কৌতূহলের বসেই এগুলো করছে না?**

আপনার মনে হতে পারে যে, আপনার সন্তানের সমকামী হওয়ার বিষয়টি নিছকই "কৌতূহলবশত এবং সাময়িক" এবং এই মনে হওয়াটা খুবই স্বাভাবিক । কিন্তু আমাদের সমাজ এবং সংস্কৃতি এখনো সমকামী বিরোধী । তাই যেকোনো বিপরীতমুখী ব্যক্তি, শুধুমাত্র তার কৌতূহল মেটানোর জন্যই যে সমকামী হিসেবে বেঁচে থাকতে চাইবেন, এমন সম্ভাবনাও খুবই কম । ভেবে দেখুন, সমকামী কি না সেটা জানার জন্য আপনি আপনার সন্তানকে যেভাবে সন্দেহ করেন, ঠিক সেভাবেই কি কখনো আপনার সন্তানকে তার বিপরীতমুখী যৌন সম্পর্কের বিষয়ে সন্দেহ করবেন?

নিজেদের একজন সমকামী সন্তান আছে, এই বিষয়টি না জানাই ভালো বলে অনেক অভিভাবক মনে করেন । কিন্তু অনুগ্রহ করে জানবেন, যে ব্যক্তিটি আপনার কাছে তার নিজের যৌন পরিচয় বিষয়ে খোলাখুলি ভাবে কথা বলছে, তাকে এই পর্যায়ে আসতে পারিপার্শ্বিক সমাজের অনেক কঠিন আর দীর্ঘ পথ তাকে পাড়ি দিতে হয়েছে । আপনার সন্তানের তার যৌন পরিচয় বিষয়ে সত্যবাদী হওয়াটি, আপনার প্রতি তার সত্যিকার ভালোবাসা প্রকাশ এবং নিজেদের মধ্যেকার সম্পর্ক আরো সুদৃঢ় করার ইচ্ছার পরিচায়ক । এটি তার প্রতি আপনার সমর্থন প্রয়োজনের লক্ষণও হতে পারে । এক গবেষণায় দেখা যায়, সর্বোচ্চ ৮০ শতাংশ সমকামী ব্যক্তি তীব্রভাবে নিজেদেরকে মানসিক ও সামাজিক ভাবে বিচ্ছিন্ন মনে করে ।





**আমার সন্তানের কমকামী হওয়ার কারণ কি? তাকে কি কোনো চিকিৎসা করানো উচিত?**

একজন মানুষের সমকামী হওয়ার কোনো সুনির্দিষ্ট কারণ এখন পর্যন্ত খুঁজে পাওয়া যায়নি তবে, বেশির ভাগ বিজ্ঞানীই এবিষয়ে একমত যে, একজন ব্যক্তির জৈবিক ও পরিবেশগত অবস্থার জটিল সংমিশ্রনের ফলই একজন মানুষের সমকামী হওয়ার কারণ । আমেরিকান সাইকোলজিক্যাল এসোসিয়েশন এর ভাষ্যমতে, "..সমকামিতা কোনো অসুস্থতা হয় । এটির জন্য কোনো চিকিৎসার প্রয়োজন নেই এবং এটি পরিবর্তনযোগ্যও নয় ।"

অনেক সমকামী বা তাদের পরিবারের সদস্যরা, নিজেদের বা নিজ পরিবারের কারো সমকামী পরিচয় প্রকাশের জন্য যে সংবেদনশীল অনুভূতির দরকার, সেটির উন্নয়নের বিষয়ে সহায়তা কামনা করেন । যদিও এটি একটি দুরূহ কাজ তারপরেও, পিএফএলএজি এনওয়াইসি মাসিক সভা আয়োজন করে যার মাধ্যমে পরিবারগুলি একে অপরকে এই বিষয়ে সহায়তা করে।

**সমকামী, উভকামী বা হিজড়া হওয়া কি প্রকৃতি বিরুদ্ধ?**

সমকামী, উভকামী বা হিজড়া হওয়া প্রকৃতি বিরুদ্ধ নয় কারণ তারা এই প্রকৃতিতেই অবস্থান করে । একজনের পক্ষে সমকামী হওয়াটা ঠিক ততটাই স্বাভাবিক যতটা স্বাভাবিক একজন মানুষের বিপরীতমুখী হওয়া । আমরা জানি না কেন কিছু ব্যক্তি সমকামী বা উভকামী বা হিজড়া । তবে আমরা জানি যে, এই জনগোষ্ঠী আগেও সবসময় ছিল, এখনো আছে এবং ভবিষ্যতেও থাকবে । সমকামী জনগোষ্ঠীর এই ভিন্নতাই তাদের প্রধান বৈশিষ্ট ।
সমকামী হওয়াটি মানুষের কোনো আচরণ বা অভ্যাস নয় বরং এটি বিপরীতমুখী ব্যক্তিদের মতোই একটি স্বাভাবিক অন্তর্নিহিত বৈশিষ্ট । এছাড়া, এটি পছন্দ-অপছন্দ করে গ্রহণ করার বিষয়ও নয় । এতো কিছুর পরও কিছু সম্প্রদায় সমকামীদেরকে সামাজিকভাবে "বিচ্ছিন্ন" হিসেবে আখ্যায়িত করে । যদিও আমেরিকান সাইকিয়াট্রিক অ্যাসোসিয়েশন, আমেরিকান সাইকোলজিকাল অ্যাসোসিয়েশন, আমেরিকান মেডিকেল অ্যাসোসিয়েশন এর মত পেশাদার প্রতিষ্ঠান সমূহ এবং অন্যান্য বিশিষ্ট মানসিক স্বাস্থ্য সংস্থাগুলি এই সংজ্ঞাটি সমর্থন করে না এবং তারা সকলেই একমত যে সমকামিতা কোন রোগ বা মানসিক ব্যাধি অথবা কোন মানসিক সমস্যা নয় বরং কিছু মানুষের জন্য তার জীবনের সত্যিকার অংশ । আর তাই কোন সমকামী ব্যক্তিকে বিপরীতমুখী হতে বলা বা তাদের স্বাভাবিক আচরণের বিরুদ্ধে কিছু করতে বলা মানে তাকে, যে যা নয় তা হতে বাধ্য করা এবং তার স্বাভাবিক জীবন থেকে, জোর করে, তাকে দূরে ঠেলে দেয়া ।

**আমার সন্তান তার সমকামী পরিচয় প্রকাশের জন্য এত সময় নিলো কেন?**

আপনার সন্তানকে আপনি যতটুকু জানেন বলে বলে করছেন, হয়তো তার থেকে আপনি তাকে আরো কম জানেন এবং এই সত্যটি বুঝতে হয়তো আপনার একটু কষ্ট হতে পারে । আপনার সন্তানকে আপনি যতটুকু জানেন বলে বলে করছেন, হয়তো তার থেকে আপনি তাকে আরো কম জানেন এবং এই সত্যটি বুঝতে হয়তো আপনার একটু কষ্ট হতে পারে । নিজেদের অনুভূতি সঠিকভাবে বুঝতে, কিছু সমকামী ব্যক্তির দীর্ঘ সময় প্রয়োজন হয় । অনেকে তাদের বেড়ে ওঠার সময় "ভিন্নরকম" অনুভূতির কথা জানিয়েছেন কিন্তু তারা কেন এরকম অনুভব করছেন সেটি বলতে পারেননি । সবকিছু মিলিয়ে, প্রভাবশালী এই সমাজ আমাদের সমকামী জনগোষ্ঠীকে বিভিন্নভাবে বুঝিয়ে দেয় যে তারা "সঠিক নয়" যার ফলে, অনেক সমকামী ব্যক্তি নিরাপত্তাহীনতায় ভোগে এবং নিজেকে নিজেই ঘৃণা করে । আপনার সন্তান আপনাকে তার যৌন পরিচয়ের কথা জানিয়ে এটাই বোঝাতে চেয়েছে যে সে আপনার আর তার মধ্যেকার সম্পর্কটিকে আরো খোলামেলা ও দৃঢ় করতে আগ্রহী ।

**সমকামী হওয়ার জন্য কি আমার সন্তানকে আক্রমণ করা হবে? তাকে কি চাকরি খুঁজে পেতে বা সেটি ধরে রাখতে কোনো সমস্যার সম্মুখীন হতে হবে অথবা শারীরিকভাবে লাঞ্চিত করা হবে?**

দুর্ভাগ্যজনক হলেও, একথা সত্য যে এগুলার সবকিছুই সম্ভব তবে আসার কথা এই যে, সমাজে সমকামীদের সম্পর্কে সুস্পষ্ট ধারণা বিকাশের সাথে সাথে তাদের প্রতি সাধারণ মানুষের দৃষ্টিভঙ্গি পরিবর্তিত হচ্ছে । আমাদের চারপাশে এমন অনেক স্থান হয়েছে যেখানে আপনার সন্তান সবার কাছে গ্রণযোগ্যতা পাবে এবং তার যৌন পরিচয় নিয়েই নিরাপদে থাকতে পারবে । তবে, যতদিন পর্যন্ত আমাদের সমাজে সমকামীদের প্রতি ঘৃণার সংস্কৃতি বজায় থাকবে, ততদিন পর্যন্ত আপনার সন্তান কিছু উল্লেখযোগ্য বাধার সম্মুখীন হতে পারে । আর এই অবস্থার আরো অবনতি হবে,যখন আমাদের নিজেদের পরিবারের মধ্যেই সমকামীদের প্রতি বৈষম্য ও ঘৃণার মানসিকতা বজায় থাকবে ।

**আমার সন্তানের সমকামিতার বিষয়ে আত্মীয়স্বজন ও বন্ধুবান্ধবের কিভাবে জানাবো?**

এবিষয়ে কিছুটা সময় নেয়া ভালো । একজন সমকামী সন্তানের অভিভাবক হিসেবে নিজেকে পরিচয় দেয়া একান্তই নিজের ব্যক্তিগত বিষয় । অন্যদেরকে জানানোর আগে, আমাদের অনেককেই কিছুটা সময় নিয়ে আমাদের সন্তানের বিষয়ে এই সত্যটি মানিয়ে নিতে হবে । তবে এটাও লক্ষণীয় যে, নিজেদের খুব বিশ্বস্ত বন্ধুবান্ধবদের সাথে নিজের অপ্রকাশিত কথা প্রকাশ করার মাধ্যমে, সামাজিক গ্রহণযোগ্যতা পাওয়ার প্রক্রিয়া দ্রুত ও সহজ হয় । সেইসাথে, অনেকেই তাদের পরিবার এবং বন্ধুদের কাছ থেকে জোরালো সমর্থন পেয়েছেন । ইতিবাচকভাবে নিজেদের গল্পগুলো অন্যদের মাঝে তুলে ধরার মাধ্যমে আমরা তাদেরকে সমকামী জনগোষ্ঠিকে গ্রহণ করার মানসিকতা আরো বাড়িয়ে তুলতে পারি ।

**সমকামীদের গ্রহণ করা হচ্ছে কিন্তু তাদের পরিচয় জাঁকালভাবে প্রদর্শন করার কি প্রয়োজন?**

প্রকৃতপক্ষে, বিপরীতমুখী মানুষগুলি প্রতিনিয়ত তাদের যৌন দৃষ্টিভঙ্গি প্রকাশ করে যেমন: বিপরীত লিঙ্গের কাউকে আকর্ষণের জন্য বিভিন্ন ফ্যাশন, অতিরঞ্জিত ভালোবাসা প্রদর্শন , ভালোবাসার মানুষকে নিয়ে আলোচনা করা, কর্মক্ষেত্রে সগৌরবে ভালোবাসার মানুষের সাথে বাঁধাই করা ছবি প্রদর্শন করে থাকে । তারপরও অনেক মানুষ প্রকাশ্যে দুটি বিপরীত লিঙ্গের মানুষের মধ্যে ভালোবাসা বিনিময়ের কোনো ঘটনা দেখলে অস্বস্তি বোধ করে এমনকি ক্ষুদ্ধ হন যার কারণ অনেক ক্ষেত্রে বোধগম্য নয় । অন্যদিকে, যেহেতু সমকামী জনগোষ্ঠী সম্পর্কে সারাজীবন আমাদেরকে ভুল বোঝানো হয়েছে এবং বলা হয়েছে যে তাদের কোনো একটা সমস্যা আছে সেহেতু, এই বিষয়ে বেশিরভাগ মানুষের অস্বস্তি থাকাটাই স্বাভাবিক । তবে এই ভুল বিশ্বাসটি আমাদের জন্য সমস্যা, সমকামী জনগোষ্ঠীর জন্য নয় । আপনি যদি মনে করেন যে ভালোবাসা বা যৌন আবেদন প্রদর্শন ব্যক্তিগত হওয়া উচিত, তবে সেটি বিপরীতকামী বা সমকামী সবার জন্যই প্রযোজ্য হওয়া উচিত ।

**কিন্তু আমার ধর্মানুসারে সমকামিতা একটি পাপ । এবিষয়ে কি হবে?**

নিজের সন্তানের সমকামিতা মেনে নেয়ার জন্য ধর্মের এই বিষয়টিই একজন অভিভাবকের কাছে সবথেকে কঠিন মনে হতে পারে । যদিও অন্যদের জন্য এটি কোন সমস্যাই নয়। যদিও কিছু ধর্ম বিশ্বাস এখনো সমকামিতার বিরোধিতা করে, তবে প্রায় প্রতিটি ধর্মীয় গোষ্ঠীর মধ্যেই কিছু শ্রদ্ধেয় নেতা আছেন যারা বিশ্বাস করেন যে সমকামী লোকদের উপর কোনো রায় দেওয়া ভুল । অন্যদিকে, আরো অনেক ধর্মগোষ্ঠী আছে যারা সমকামী জনগোষ্ঠীকে তাদের সামাজিকই শুধু অন্তর্ভুক্তি করে না বরং সমাজে তাদের উপস্থিতি উদযাপনও করে।





### সমকামিতার সাথে এইডস এর সম্পর্ক কি?

এইচআইভি / এইডস কোনও "সমকামী" রোগ নয় এবং এটি লজ্জা পাওয়ার মতো কোনো বিষয় নয় । এটি একটি যৌন রোগ যেত জীবাণুযুক্ত সিরিঞ্জ ব্যবহারের মাধ্যমেও ছড়াতে পারে । বিশ্বের অন্যান্য অঞ্চলে, এই রোগটি বেশিরভাগ সময়েই একজন বিপরীতমুখী ব্যক্তিকে আক্রমণ করেছে এবং মার্কিন যুক্তরাষ্ট্রেও এটি বিপরীতমুখী সম্প্রদায়ের মধ্যে ছড়িয়ে পড়েছে। কোনো অগোছালো জীবন যাপনের জন্য এইচআইভি / এইডস হয় না এবং এই রোগের কারণ হিসেবে আক্রান্ত ব্যক্তির জীবন যাপনের বিষয়ে কিছুই বলা নেই । এইচআইভি সংক্রমণ খুব সহজে হয় না এবং যাদের এটি হয়, চিকিৎসা বিজ্ঞানে তাদের অবহেলা বা এড়িয়ে যাওয়ার কোনো কারণ নেই । অভিভাবকদের ব্যবহার তাদের সন্তানদের ব্যক্তিত্বের উপর ভিত্তি করে হয় উচিত এবং অবশ্যই সে কোন রোগে আক্রান্ত হয়েছে সেটির ভিত্তিতে নয় । তবে মনে রাখবেন: এইচআইভি / এইডস আক্রান্ত সমস্ত ব্যক্তিরই যত্ন এবং ভালবাসা প্রয়োজন। যখন আমাদের মাঝে কোনও ব্যক্তির এইচআইভি / এইডস হয়, তখন তার কাছে আমাদের ভালোবাসা এবং সমর্থনই সবচেয়ে বেশি গুরুত্বপূর্ণ হয়ে ওঠে ।

### আমি আমার সন্তানের যৌন পরিচয় সম্পর্কে জানার পর কীভাবে তাকে এবিষয়ে সর্বোচ্চ সহযোগিতা করতে পারি?

আপনি যে এই লেখাটি পড়ছেন সেটিই প্রমাণ করে যে, আপনি একজন সচেতন অভিভাবক যিনি তার সন্তানের যৌন পরিচয়কে সমর্থন করতে ইচ্ছুক। পারিবারিক অন্যান্য আর দশটি বিষয়ের মতোই সবকিছু আপনি আপনার সন্তানের সাথে সাগ্রহে আলোচনা করবেন, তার মতামত নেবেন এবং একসাথে সব বিষয়ে সিদ্ধান্ত নেবেন । কিছু ক্ষেত্রে এটি আপনার সন্তানের সাথে নিজের অনুভূতি প্রকাশে সহায়ক হবে । আপনার বাচ্চাকে সমর্থন করার একটি উপায় হল, নিজে থেকেই সমকামী, উভকামী এবং হিজড়া জনসষ্টি সম্পর্কে আরো বেশি করে জানা এবং এর মাধ্যমে আমাদের সমাজে সমকামীদের প্রতি বিদ্যমান কিছু ভুল ধারণা হ্রাস করতে সহায়তা করা। পরিশেষে বাস্তবতা এটাই যে, আমাদের নীরবতাই বিভিন্ন কুসংস্কার এবং বৈষম্যকে টিকিয়ে রাখে এবং এবিষয়ে আমাদের সবার সচেতন হওয়া জরুরি ।

*এই লেখাটি নিম্নলিখিত তথ্যসূত্র হতে অনূদিত*

*NEW YORK, PFLAG. “Questions Parents Ask About LGBT People.” PFLAG NYC - Frequently Asked Questions about Lesbian, Gay, Bisexual or Transgender Children, www.pflagnyc.org/support/parentsquestions?fbclid=IwAR10h_EdKt0jarXPHYF_iojtDOpFB-pVIP2RfP79rZTRk9YjOfTWDPEP6Tk.*

/inclusivebangla inclusivebangla.org

INCLUSIVE
BANGLADESH
...INCLUDING HUMAN RIGHTS